

বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড  
ইরেসপো-২য় পর্যায়  
পল্লী ভবন, ৫ কাওরান বাজার, ঢাকা-১২১৫  
[www.iresppw-brdb.gov.bd](http://www.iresppw-brdb.gov.bd)

স্মারক নং- ৪৭.৬২.০০০০.৯৬৬.০৬.০০৪.২১.২১২

তারিখ: ৪ ফেব্রুয়ারী, ২০২৫ খ্রি.

বিষয়: সুফলভোগীদের ব্যাংক হিসাব যথাযথভাবে সংরক্ষণ।

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড কর্তৃক পরিচালিত ইরেসপো প্রকল্পের আওতায় বিতরণকৃত ঋণ সরাসরি সুফলভোগীদের ব্যক্তিগত ব্যাংক হিসাবে স্থানান্তর করা হয়ে থাকে। এতে করে ঋণ কার্যক্রমে স্বচ্ছতা ও জবাবদিহিতা নিশ্চিত করা সম্ভব হয়। সম্প্রতি উপজেলা পরিদর্শনে প্রতীয়মান হয়েছে যে, উপজেলায় পর্যায়ে সুফলভোগীদের ব্যাংক হিসাব একত্রে সংরক্ষিত না থাকায় সঠিকভাবে যাচাই করে ঋণের অর্থ সুফলভোগীর ব্যক্তিগত ব্যাংক হিসাবে স্থানান্তরের ক্ষেত্রে বিভিন্ন সমস্যার সৃষ্টি হচ্ছে। অনেক ক্ষেত্রে কিছু অসাধু কর্মচারী ব্যাংক এ্যাডভাইজে সুফলভোগী সদস্যদের সঠিক হিসাব নম্বর উল্লেখ না করে অনেক সদস্যের অর্থ কোন বিশেষ সদস্যের ব্যাংক হিসাবে স্থানান্তর করে আত্মসাৎ করার চেষ্টা করে। তাই প্রতি ক্ষেত্রে ব্যাংক এ্যাডভাইজ প্রদান পূর্বে যাচাই এর সুবিধার্থে সমিতি ভিত্তিক সকল সদস্যের ব্যাংক হিসাব নম্বর একটি রেজিষ্টারে লিপিবদ্ধ করে সংরক্ষণ করা প্রয়োজন। এমতাবস্থায়, উপজেলা পর্যায়ে প্রদত্ত ছক মোতাবেক সুফলভোগীর ব্যক্তিগত ব্যাংক হিসাব রেজিষ্টার সংরক্ষণ ও ব্যবহারের জন্য অনুরোধ করা হলো।

ছক


উপজেলা:

জেলা:

ব্যাংক শাখা:

সমিতি'র নাম ও আইডি নং

ক্র: নং	সদস্যের নাম	আইডি নং	ব্যাংক হিসাব নং	যাচাইকারীদের স্বাক্ষর		
				হিসাব সহকারী	এআরডিও	ইউআরডিও

  
মোহাম্মদ রাশেদুল আলম  
প্রকল্প পরিচালক

ফোন: ০২-৮১৮০১৪৪

[iresppwad@gmail.com](mailto:iresppwad@gmail.com)

উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা

উপজেলা.....জেলা.....

অনুলিপি: সদয় অবগতি/অবগতি ও কার্যকর ব্যবস্থা গ্রহণের জন্য

১. উপপরিচালক, বিআরডিবি (সংশ্লিষ্ট জেলা).....
২. উপপ্রকল্প পরিচালক (সকল), ইরেসপো, বিআরডিবি, ঢাকা
৩. প্রোগ্রামার ইরেসপো, বিআরডিবি, ঢাকা (ওয়েব সাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো)
৪. মহাপরিচালক মহোদয়ের একান্ত সচিব, বিআরডিবি, ঢাকা
৫. পরিচালক (পরিকল্পনা/সরেজমিন) মহোদয়ের একান্ত সহকারী, বিআরডিবি, ঢাকা
৬. সহকারী পল্লী উন্নয়ন অফিসার, ইরেসপো (সংশ্লিষ্ট উপজেলা).....
৭. অফিস নথি/গার্ড ফাইল।